# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.১৬ (ঘ) ইস্তিখারার সালাত প্র: ৭৬. ইস্তিখারার সালাত কাকে বলে?

ব্যবসা-বাণিজ্যের সিদ্ধান্ত নেওয়া, বিয়ের পাত্র-পাত্রী বাছাই, ঘর-বাড়ি নির্মাণ, কোন জমি-জমা ক্রয়-বিক্রয়, কোন চাকরিতে যোগদান বা পদত্যাগ করা ইত্যাকার জায়েয বিষয়ে কোনটি করা সঠিক হবে এ বিষয়ে যথাযথ সিদ্ধান্ত গ্রহণ ও মনস্থির করার জন্য দু'রাকআত নফল সালাত আদায় করে নির্ধারিত দু'আ পড়া- এ সালাতকে ‘সলাতুল ইস্তিখারা' অর্থাৎ ইস্তিখারার সালাত বলা হয়। ইস্তিখারা অর্থ কল্যাণ কামনা। কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মাঝে-মধ্যে মানুষ দ্বিধা-দ্বন্ধে ভোগে, কাজটি করবে কি করবে না, কোনটা করলে ভালো হয়, কারো পরামর্শ নিলে সেখানে ভুল ও থাকতে পারে বা কুমতলবে কেউ খারাপ পরামর্শও দিতে পারে- এসব অবস্থার সমাধানে সরাসরি আল্লাহ্‌র কাছ থেকে কল্যাণ প্রাপ্তির আশায় ইস্তিখারার' সালাত আদায় হলো সর্বোত্তম কাজ

‘ইস্তিখারার জন্য রাসূলুল্লাহ (স.) এত গুরুত্ব দিতেন যাতে মনে হতো যে, কুরআন শিক্ষার জন্য তিনি তালীম দিচ্ছেন। ইস্তিখারার পর মন যেদিকে টানবে, সেটাই করবে। আর এরই মধ্যে রয়েছে কল্যাণ ও রহমত ইনশা আল্লাহ। স্বপ্নের মাধ্যমে ইঙ্গিত প্রাপ্তির জন্য অপেক্ষা করা লাগবে না। এ বিষয়ে স্বপ্ন দেখাও জরুরি নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12962

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন